



বাউবি/পরীক্ষা/এম.এড/১৪৩/১৯৯৯/২৬৭৭

তারিখ : ১৭/১০/২০১৭।

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

..... আঞ্চলিক কেন্দ্র।


বিষয় : M.Ed প্রোগ্রাম ২০১৬ টার্ম (১ম, ২য় ও ৩য় সিমিস্টার) পরীক্ষার ফলাফল প্রেরণ প্রসঙ্গে।


জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেষ্টিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত M.Ed প্রোগ্রাম ২০১৬ টার্ম (১ম, ২য় ও ৩য় সিমিস্টার) পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট স্টাডি সেন্টার এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এই ফলাফলে অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে যাঁরা পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পুনঃপরীক্ষার (নির্ধারিত হারে) ফি জমা দিয়ে ব্যাংক রশিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমা দিতে হবে। আঞ্চলিক কেন্দ্রে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১৬/১১/২০১৭। পুনঃপরীক্ষার্থীদের কোর্সভিত্তিক নামের তালিকা আগামী ২৩/১১/২০১৭ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।


(এ.এস.এম. নোমান আলম)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।


৩২১৭
১৭/১০/১৭

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১. ডীন, স্কুল অব এডুকেশন, বাউবি।
২. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অধ্যক্ষ/সমন্বয়কারী সংশ্লিষ্ট স্টাডি সেন্টার, বাউবি।
৪. সংরক্ষণ নথি।



বাউবি/পরীক্ষা/এম.এড/১৪৩/১৯৯৯/২৬৭৮

তারিখ : ১৭/১০/২০১৭।

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

..... আঞ্চলিক কেন্দ্র ।

বিষয় : বাউবি পরিচালিত M.Ed পরীক্ষার ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রসঙ্গে ।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত M.Ed প্রোগ্রামের ১ম সিমেন্টার (২০১৬ টার্ম), ২য় সিমেন্টার (২০১৬ টার্ম) ও ৩য় সিমেন্টার (২০১৬ টার্ম) পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। ফলাফল সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের অভিযোগ গ্রহণপূর্বক তালিকাভুক্ত করে নিম্নোক্ত ছক মোতাবেক পরীক্ষা বিভাগে প্রেরণের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

১.	ফলাফল সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের অভিযোগ নির্ধারিত ফরমে স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে আগামী ১৬/১১/২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে। স্টাডি সেন্টারে কোন অভিযোগ জমা নেয়া যাবে না।
২.	অভিযোগের সাথে প্রয়োজনীয় কাগজপত্র (আইডি কার্ডের ফটোকপি, হাজিরা সীট, টপ সীট, মার্কসীট, ফলাফলের সত্যায়িত কপি ইত্যাদি) অবশ্যই সংযুক্ত করতে হবে।
৩.	আঞ্চলিক কেন্দ্র শিক্ষার্থীদের সকল অভিযোগ যাচাই বাছাই পূর্বক তালিকাভুক্ত করে অভিযোগপত্রসহ তালিকা আগামী ২৩/১১/২০১৭ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।
৪.	পরীক্ষা বিভাগে সরাসরি কোন অভিযোগ গ্রহণ করা হবে না। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করা হবে।

ধন্যবাদসহ।

(এ.এস.এম. নোমান আলম)

যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১. ডীন, স্কুল অব এডুকেশন, বাউবি।
২. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সমন্বয়কারী/অধ্যক্ষস্টাডি সেন্টার, বাউবি।
৪. সংরক্ষণ নথি।